তারিখ : 07 FEB 2016
পৃষ্ঠা : ৬ কলাম : ৩

দৈনিক
ইত্তেফাক

# ডোনেশন ছাড়া বই পাঠ্য করার জন্য

শিক্ষা বিভাগ সম্পর্কে অভিযোগের অন্ত নেই । তার মধ্যে একটি হচ্ছে মাধ্যমিক বিদ্যালয়ে টাকার বিনিময়ে বই পাঠ্য করা । সরকার বিষয়টি সম্পর্কে অবগত এবং এর সুরাহা পেতেও উদগ্রীব। সে কারণে গাইড বই নিষিদ্ধ করার জন্য মাঝেমধ্যে অভিযান চালানো হয়। তবে এতে কাজের কাজ কিছুই হয় না। নতুন শিক্ষা বছরের শুরুতে মফস্বল এলাকার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে বই প্রকাশনীর কাছ থেকে ডোনেশনের বিনিময়ে ইংরেজি, বাংলা ও অন্যান্য বই পাঠ্য করার প্রচলিত রীতি বর্তমানে ওপেন সিক্রেট। এতে করে শিক্ষার্থীদের বেশি দামে বই কিনতে হয়। মূলত দরিদ্র অভিভাবকের ওপর বাড়তি চাপ পড়ে। তবে সংশ্লিষ্ট এলাকার উপজেলা নির্বাহী অফিসার ইচ্ছা করলে স্কুল কর্তৃপক্ষের বই পাঠ্যের বাণিজ্য বন্ধ করতে পারেন। এ ব্যাপারে তিনি এক বা একাধিক শিক্ষাবিদ/শিক্ষক (শিক্ষক নেতা নয়)-এর সহযোগিতা নিতে পারেন । এতে আশা করা যায়, টাকার বিনিময়ে বই পাঠ্য করার বাণিজ্য কিছুটা হলেও রোধ হবে।

মো. মোরশেদ হায়দার, হোমনা, কুমিল্লা